

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৭১.২৩ নথির বিষয়: Repairing of Managing Director house electric installation with cleaning & 800 KVA standby electric substation adjacent to shanti BWPP, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repairing of Managing Director house electric installation with cleaning & 800 KVA standby electric substation adjacent to shanti BWPP, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৭/২৩ ৫:৫৬ অপরাহ্ন

মডুস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। তাছাড়া গুলশানখ এম.ডি হাউজের ইলেকট্রিক স্থাপনা মিরপুর-১০/২৮ পাম্প স্টেশনের (বোতলজাত শান্তি পানি উৎপাদন প্লান্টের) ৮০০ কেভিএ ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষণ কাজও অত্র বিভাগ কর্তৃক করা হয়ে থাকে। প্রিভেনটিভ মেইনটেন্যান্স কাজে রুটিন পরিদর্শন করে দেখা যায় যে, এম.ডি হাউজ ভবনের চারপাশের সিকিউরিটি লাইট, গার্ডেন লাইন নষ্ট এবং আগাছা জন্মে চারপাশের পরিবেশ জঙ্গল আকার ধারণ করেছে। সাব-স্টেশনের এসপিডিবি বক্সের এমসিসিবি ও এসপি ব্রেকার নষ্ট অবস্থায় আছে। যার কারণে সম্পূর্ণ কম্পাউন্ড আলোকিত করা যায় না। এম.ডি হাউজের অভ্যন্তরে বিভিন্ন কক্ষে ও সিড়িতে এনার্জি বাল্ব জ্বলে না। জরুরী ভিত্তিতে বাউন্ডারী ওয়াল সংলগ্ন সিকিউরিটি লাইট প্রতিস্থাপনসহ আগাছা-অনাকাঙ্ক্ষিত গাছপালা কেটে পরিষ্কার পরিচ্ছন্ন করা এবং ভবনের অভ্যন্তরে পর্যাপ্ত লাইটের ব্যবস্থা করা প্রয়োজন। তাছাড়া সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য এম.ডি হাউজ কম্পাউন্ডের নষ্ট হওয়া এলইডি নিরাপত্তা লাইটগুলো পরিবর্তন করা প্রয়োজন। তাছাড়া মিরপুর-১০/২৮ পাম্প স্টেশন সংলগ্ন বোতলজাত পানি উৎপাদন প্লান্টের ৮০০কেভিএ ইলেকট্রিক সাব-স্টেশনে ট্রান্সফরমার নিরাপত্তা বেটনীর অভ্যন্তরে ঘন আগাছা ও গাছ জন্মে ট্রান্সফরমার ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। চলমান বর্ষা মৌসুমের কারণে অল্প সময়েই আগাছা ও গাছ জন্মায়, যার কারণে চলমানভাবেই আগাছা পরিষ্কার করে রাখতে হয়। ট্রান্সফরমারের নিরাপত্তা বেটনীর অভ্যন্তরে আগাছা থাকলে এইচটি ফল্ট ঘটে ড্রপ আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর ও এইচটি ক্যাবল কোন জ্বলে যাওয়ার আশংকা থাকে। সে কারণে ডেসকোর মাধ্যমে ইলেকট্রিক লাইন শাট-ডাউন নিয়ে আগাছা/গাছ ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। তাছাড়া বিদ্যমান ৮০০কেভিএ সাব-স্টেশনের জন্য ১১কেভি, ১০০এম্পস ক্যাপাসিটির ড্রপ-আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর সংগ্রহ করার প্রয়োজন রয়েছে। এইচটি সুইচ গিয়ারের এলবিএস ইউনিটের ১১কেভি এইচআরসি ফিউজ সরবরাহ নিতে হবে। যা দ্বারা আপদকালীন সময়ে প্রতিস্থাপন করে লাইন চালু রাখা সম্ভব হবে। উল্লেখ্য এই সাব-স্টেশনটি বোতলজাত প্লান্টের সেকেন্ডারী পাওয়ার সোর্স হিসেবে স্ট্যান্ডবাই অবস্থায় আছে। সে কারণে উপরোক্ত বর্ণনা ও পরিদর্শন রিপোর্টের আলোকে এম.ডি হাউজের বৈদ্যুতিক স্থাপনা ও শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট সংলগ্ন মিরপুর-১০/২৮ পাম্প স্টেশনের ৮০০ কেভিএ সাব-স্টেশনের মেরামত-রক্ষণাবেক্ষণ ও ক্লিনিং-সার্ভিসিং কাজ করার জন্য পূর্বানুমোদিত দর ও রেট সিডিউল দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট=৪,৯৭,০৩৬.৭১৭/- (চার লক্ষ সাতানব্বই হাজার ছত্রিশ দশমিক সাত এক সাত মাত্র) টাকা। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্ম-পরিকল্পনায় ক্রমিক নং-১৭, প্যাকেজ নং- PW -১১.এ LTM (e-Gp) তে অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):


- ১। APP MD house & Shanti BWPP.pdf
- ২। Survey report MD house & Shanti BWPP.pdf
- ৩। Rate Of MD house & Shanti BWPP.pdf
- ৪। Estimate MD house & Shanti BWPP.pdf
- ৫। Protibedon Of MD house & Shanti BWPP.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৭/২৩ ৫:৫৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে LTM (e-Gp) দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৭/২৩ ৬:০১ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে, Repairing of Managing Director house electric installation with cleaning & 800 KVA standby electric substation adjacent to shanti BWPP, DWASA কাজে উপস্থাপিত মোট=৪,৯৭,০৩৬.৭১৭/- (চার লক্ষ সাতানব্বই হাজার ছত্রিশ দশমিক সাত এক সাত মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে LTM (e-Gp) দরপত্র আহবান করে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



১৭/৭/২৩ ৬:৫১ অপরাহ্ন
মোঃ শরিফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



১৭/৭/২৩ ৭:০৭ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২




১৭/৭/২৩ ৭:২০ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মেন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



১৯/৭/২৩ ১১:৫৮ পূর্বাহ্ন
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৮/৭/২৩ ১১:৫৮ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১/৮/২৩ ৬:৫৯ অপরাহ্ন
অনুমোদিত


১/৮/২৩ ৭:০০ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


১/৮/২৩ ৭:১০ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২


১/৮/২৩ ৭:৩৫ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২


২/৮/২৩ ১১:৪৩ পূর্বাহ্ন
মোঃ শরিফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।


২/৮/২৩
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা

SAE